


# প্রাথমিক সেট-আপ নির্দেশনা

**ধাপ ১ : রিমোট কন্ট্রোল সংযুক্তিকরণ**
টিভি প্রথমবার চালু করার পর রিমোট সংযুক্তকরণ পেইজ আসবে। রিমোটের ভয়েস বাটনে প্রেস করে রিমোট সংযুক্ত করা যাবে। সংযুক্ত করতে না চাইলে Skip নির্বাচন করে OK (◉) বাটনে প্রেস করতে হবে।





**ধাপ ২ : ভাষা নির্বাচন**
পরবর্তী ধাপে ভাষা নির্বাচন পেইজ আসবে। সেখানে ভাষা English নির্বাচন করতে হবে।





**ধাপ ৩ : দেশ / অঞ্চল নির্বাচন**
পরবর্তী ধাপে দেশ নির্বাচন করতে হবে। Country হিসেবে অবশ্যই Bangladesh নির্বাচন করে নিতে হবে।





**ধাপ ৪ : গুগল টিভি সেটিংস**
পরবর্তী ধাপে Setup Google TV নির্বাচন করে OK বাটনে প্রেস করতে হবে। চাইলে Basic TV (বেসিক টিভি) সেট-আপ করা যাবে সেক্ষেত্রে গুগলের কোন সার্ভিস পাওয়া যাবে না। এইভাবে টেলিভিশনের প্রাথমিক সেট-আপ সম্পূর্ণ করতে হবে।


# Aspect Ratio পরিবর্তন সংক্রান্ত নির্দেশনা

টেলিভিশনের প্রাথমিক সেট-আপ সম্পূর্ণ হলে টেলিভিশনের Home page আসবে। রিমোটে টিভি (📺) চিহ্নিত বাটন একবার প্রেস করতে হবে। টেলিভিশন চ্যানেল স্ক্রিন আসবে। টেলিভিশন চ্যানেল স্ক্রিন থেকে রিমোটের সেটিং বাটন একবার চাপ দিয়ে OK (◉) বাটন প্রেস করলে সেটিং পেইজ আসবে। সেটিং পেইজ থেকে Channel & Inputs নির্বাচন করে রিমোটের রাইট অ্যারো এক বার চাপ দিয়ে অ্যানালগ চ্যানেল স্ক্যান করতে হবে।





Home page





TV Channel Screen




Setting Page



TV Channel Screen





Channel & Inputs

অ্যানালগ চ্যানেল স্ক্যান করার পর যদি আপনার চ্যানেলের রেশিও পরিবর্তন হয়ে যায় তাহলে নিচের ধাপ অনুসরণ করতে হবে।


# Aspect Ratio পরিবর্তন সংক্রান্ত নির্দেশনা

**ধাপ ১ :** টিভির চ্যানেলে থাকা অবস্থায় রিমোট থেকে সেটিং বাটন একবার প্রেস করলে সেটিং পেইজ আসবে।





Setting Page

**ধাপ ২ :** সেটিং পেইজে সেটিং সিলেক্ট থাকা অবস্থায় OK (◉) বাটন প্রেস করতে হবে এবং Display & Sound সিলেক্ট করে রাইট অ্যারো বাটন দিয়ে Screen সিলেক্ট করে OK বাটনে প্রেস করলে Screen পেইজ আসবে।




Display & Sound Page

**ধাপ ৩ :** Screen পেইজ থেকে Full Screen অপশন সিলেক্ট করে রিমোট এর Exit বাটন প্রেস করে বের হয়ে আসতে হবে।





Screen Page

* নোট: টিভি কখনও ফ্যাক্টরি রিসেট দিলে উপরের ধাপগুলো পুনরায় অনুসরণ করতে হবে।

# রিমোট কন্ট্রোল সংযুক্ত করার প্রক্রিয়া

**ধাপ ১ :**
রিমোট সংযুক্ত করার জন্য টিভি চালু থাকা অবস্থায় টিভির রিমোট সেন্সর বরাবর রিমোট ধরে রিমোটের ভয়েস বাটনে একবার প্রেস করতে হবে। নিচের ছবির মতো রিমোট সংযুক্তকরণ পেইজ আসবে এবং কিছু সময় পর Success লেখা আসবে।




**ধাপ ২ :**
রিমোটটি ব্লুটুথ এর মাধ্যমে টিভির সাথে সংযুক্ত হলে রিমোটের উপরে এলইডির রং পরিবর্তিত হয়ে লাল থেকে সবুজ হয়ে যাবে। রিমোটটি ব্লুটুথ এর মাধ্যমে সংযুক্ত হলে যেকোনো বাটন প্রেস করলে সবুজ রঙের এলইডি জ্বলবে।

